গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, সিলেট
www.dncrp.sylhetdiv.gov.bd

**একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়ন**

**উদ্ভাবনী ধারণার নাম:** অফিসের মধ্যবর্তী করিডোরের দু-পাশে ভোক্তা-অধিকার সংরক্ষণ বিষয়ক ডিসপ্লে বোর্ড স্থাপন।

**উদ্ভাবনী ধারণার বিবরণ:** জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট কর্তৃক গতবছর ইন্টারিওর ডেকোরেশনের মাধ্যমে অফিসের প্রবেশদ্বার ও মধ্যবর্তী করিডোর এর দরজা, সিলিং, ওয়াল ও লাইটিং সিস্টেমের সৌন্দর্য বৃদ্ধি করা হয়, যা সর্বমহলে অত্যন্ত প্রশংসিত হয়েছে। আগামী ২০২৪-২৫ অর্থবছরে অফিসের উক্ত করিডোরের দু-পাশের দেয়ালে ভোক্তা-অধিকার সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন বিষয়ক ডিসপ্লে বোর্ড স্থাপন করা হবে।

**কার্যক্রম গ্রহণের যৌক্তিকতা:** বিভিন্ন প্রয়োজনে ভোক্তাসাধারণ, পণ্য ও সেবা সরবারহকারী ব্যবসায়ীগণ এবং বিভিন্ন ব্যবসায়ী সমিতি/গ্রুপের সদস্যগণ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এ আগমন করেন। এক্ষেত্রে অফিস করিডোরের দেয়ালে স্থাপিত ডিসপ্লে বোর্ড আগত সেবাগ্রহীতা ও অংশীজনের মধ্যে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে সহায়ক হবে। ফলে স্থাপিত বোর্ডগুলো অফিসের সৌন্দর্য বৃদ্ধির পাশাপাশি সমাজে ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রম প্রতিরোধে সহায়ক ভূমিকা রাখবে।

**অর্থের উৎস:** দপ্তরের মুদ্রণ ও বাঁধাই এবং অন্যান্য খাতের বরাদ্দ।

**বাস্তবায়নের লক্ষ্যমাত্রা:** ১৬/০৩/২০২৫

২৬/০৬/২০২৪
(ফখরুল ইসলাম)
উপপরিচালক
ফোনঃ ০২৯৯৬৬৪৩৪৬৫
ই-মেইলঃ dd-sylhet@dncrp.gov.bd